

এরশাদ আর কেউ বড় এরশাদ। ব্যক্তিকেন্দ্রিক আদর্শের মডেলও এরশাদ। আমাদের মধ্যেই ছোট ছোট স্বৈরাচারের বাস। পরিবার থেকে প্রতিষ্ঠান এবং সমাজ থেকে রাষ্ট্রে সর্বত্রই তাদের নাম। এই ছোট স্বৈরাচারেরা এরশাদের মধ্যে তাদের মনের মানুষের দেখা পায়। তাই পতনের তিন দশক পরও এরশাদ এক প্রাসঙ্গিক ব্যক্তিত্ব। তাহলে এরশাদকেই বাংলাদেশের রাজনীতির সত্যিকার আদর্শ বলা যাবে না কেন? নির্বাচনহীন একচেটিয়া ক্ষমতার যে রাস্তা তিনি দেখিয়ে গেছেন, সেটাই বাংলাদেশের ক্ষমতাস্থিত সব দলের স্বপ্নের মডেল। এরশাদ উন্নয়নের কথা বলে অবৈধভাবে যে কৌশলে ক্ষমতা ভোগ করেছেন, সেই ক্ষমতা এখন আইনসিদ্ধ পদ্ধতিতেই ভোগ করা যায়।

একটি সাহসী আত্মদানের ঘটনাকে এভাবে অবমাননা করার যে সাহস মসিউর রহমান পেয়েছেন, তা তিনি পেয়েছেন বাস্তবতা থেকেই। এই বাস্তবতায় আর নূর হোসেনদের প্রয়োজন নেই। তাই যে দলের মিছিলে গিয়ে নূর হোসেন শহীদ হলেন, সেই দলই নূর হোসেনের খুনিদের সঙ্গে ক্ষমতা ভাগাভাগি করে। করে বলেই মসিউর রহমান ২০১৪ সালে মন্ত্রী হন আর এবার হন মাননীয় সাংসদ।